

U.G. 5th Semester Examination - 2021**BENGALI****Course Code: BBNGDSHT1 [DSE1]****Course Title: বাংলা সাহিত্যের ইতিহাস (অষ্টাদশ শতাব্দী পর্যন্ত)**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

- ক) কৃত্তিবাসের পিতা ও মাতার নাম কী?
- খ) ধর্মমঙ্গল কাব্যের আদি কবি কে?
- গ) কবি মুকুন্দের আদি নিবাস কোথায় ছিল?
- ঘ) 'দ্বিতীয় বিদ্যাপতি' কাকে বলা হয়?
- ঙ) 'হরিহোড়' কোন্ কাব্যের চরিত্র?
- চ) 'চৈতন্যচরিতে ব্যাস বৃন্দাবন দাস' — এই মন্তব্যটি কে করেছেন?
- ছ) "মা আমায় ঘুরাবি কত।
কলুর চোখ বাঁধা বলদের মত।।" — কার লেখা?
- জ) জ্ঞানদাস কার নিকট বৈষ্ণব ধর্মের দীক্ষা গ্রহণ করেন?
- ঝ) দেবী মনসাকে শিবঠাকুর কোথায় থাকার ব্যবস্থা করে দিয়েছিলেন?

[পরের পাতায়]

এও) 'ভাগবত সন্দর্ভ' বা 'ষট সন্দর্ভ' — কে রচনা করেন?

ট) অনন্যদামঙ্গল কাব্যের দুটি বৈশিষ্ট্য লেখো।

ঠ) রামেশ্বর ভট্টাচার্য কোন্ শতকের কবি?

ড) এ্যান্টনি ফিরিঙ্গি কে ছিলেন?

ঢ) ভোলা ময়রা কোথায় জন্মগ্রহণ করেন?

ণ) কোন্ রসপর্যায়ের পদ রচনায় কবি চণ্ডীদাসের শ্রেষ্ঠত্ব?

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

ক) 'ধর্মমঙ্গল' কাব্যে কটি কাহিনি পাওয়া যায় ও কী কী?

খ) রূপ গোস্বামী রচিত দুটি গ্রন্থের নাম লেখো।

গ) 'মহারাষ্ট্র পুরাণ' কার লেখা? কাব্যটির রচনাকাল নির্দেশ করো।

ঘ) চৈতন্যোত্তর বৈষ্ণবপদাবলির দু'জন পদকর্তার নাম লেখো।

ঙ) কবি মুকুন্দ চক্রবর্তী কার পৃষ্ঠপোষকতায় কাব্য রচনা করেন? তাঁর কাব্যের প্রকৃত নাম কী?

চ) 'মনে রইল সেই মনের বেদনা' — এই কবিগানটির গায়ক কে? হরু ঠাকুরের প্রকৃত নাম লেখো।

ছ) বাংলায় রচিত দুটি চৈতন্যজীবনী কাব্যের কবিসহ নাম লেখো।

জ) নিতাই বৈরাগী কোন্ কোন্ গানে খ্যাতি অর্জন করেছিলেন?

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$

ক) বাংলা সাহিত্যে তুর্কি আক্রমণের প্রভাব সম্পর্কে নিজের ভাষায় লেখো।

খ) শাক্ত পদকর্তা হিসাবে রামপ্রসাদ সেনের কবি-প্রতিভার
সংক্ষিপ্ত পরিচয় দাও।

গ) বাউল গানে লালন ফকিরের কৃতিত্ব আলোচনা করো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১ \times ১০ = ১০$

ক) কৃত্তিবাসী রামায়ণের জনপ্রিয়তার কারণগুলি আলোচনা
করো।

খ) 'চণ্ডীমঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবি কে? এই কাব্যধারায় তাঁর
কবি কৃতিত্ব আলোচনা করো।

গ) সপ্তদশ শতাব্দীর মুসলমান কবিগানের কাব্যসাধনার বিশেষত্ব
আলোচনা করো।
